



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

২৮ সেপ্টেম্বর' ২০২৩ খ্রি.

প্রধানমন্ত্রীর নেতৃত্বে বিশ্বমন্ডে মাথা তুলে দাঁড়িয়েছে বাংলাদেশ: মেয়র রেজাউল

প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ বিশ্বমন্ডে আত্মর্যাদার সাথে মাথা তুলে দাঁড়িয়েছে বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো রেজাউল করিম চৌধুরী।

বৃহস্পতিবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্মদিন উপলক্ষে টাইগারপাসস্থ চসিক কার্যালয়ে আয়োজিত খতমে কোরআন, মিলাদ মাহফিল ও বিশেষ মুনাজাতের পর আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন তিনি।

মেয়র বলেন, মুক্তিযুদ্ধের পর চট্টগ্রাম ফিরে দেখি পুরো শহরটাকে শুশান বানিয়ে ফেলেছে পাকিস্তানিদের। এ বিধ্বস্ত দেশ পুনর্গঠনে বঙ্গবন্ধুর নেতৃত্বে দেশ যখন ঘুরে দাঁড়াচিল তখন একাত্তরের পরাজিত শক্তি ঘটালো অগাস্টের নারকীয় হত্যাকাণ্ড।

“অগণতাত্ত্বিক শক্তির রক্তচক্ষু উপক্ষে করে দেশে মানুষের ভাতের অধিকার-ভোটের অধিকার ফিরিয়ে এনেছেন শেখ হাসিনা। শেখ হাসিনার জন্ম না হলে, পনের আগস্ট তিনি বেঁচে না গেলে হয়তো আমরা সার্বভৌমত্ব হারাতাম। উনার নেতৃত্বে দেশ যখন দুর্বার গতিতে এগিয়ে যাচ্ছে তখন পশ্চিমারা নানা ষড়যন্ত্রে মেতে উঠেছে। তবে, পশ্চিমাদের সব বাধা উপক্ষে করে প্রধানমন্ত্রী পদ্মা সেতু গড়েছেন, আমাদের স্বপ্ন দেখাচ্ছেন উন্নত স্মার্ট বাংলাদেশের বাসিন্দা হওয়ার। প্রধানমন্ত্রীর নেতৃত্বে বিশ্বমন্ডে মাথা তুলে দাঁড়িয়েছে বাংলাদেশ।”

প্রধানমন্ত্রীর পরিকল্পনায় চট্টগ্রাম ঘুরে দাঁড়াচ্ছে জানিয়ে মেয়র বলেন, প্রধানমন্ত্রী যে উন্নত বাংলাদেশ গড়ার পরিকল্পনা হাতে নিয়েছেন তা বাস্তবায়নে চট্টগ্রামে লক্ষ কোটি টাকার বিনিয়োগ করা হয়েছে। চট্টগ্রামে গড়ে তোলা হয়েছে শিল্পনগরী, টানেল, এক্সপ্রেসওয়ে। গড়া হবে মেট্রোরেল, বাড়ানো হবে বন্দর ও এয়ারপোর্টের সক্ষমতা। শুধু নগরীর সড়ক ব্যবস্থার উন্নয়নেই আমাকে আড়াই হাজার কোটি টাকা দেয়া হয়েছে। জলাবদ্ধতা নিরসনেও বিনিয়োগ করা হচ্ছে ১০ হাজার কোটি টাকা। এসব পরিকল্পনা বাস্তবায়িত হলে চট্টগ্রাম হয়ে উঠবে বিশ্ব বাণিজ্যের হাব, ঘুচে যাবে চট্টগ্রামের বেকারত্বের সমস্যা।

সভায় প্যানেল মেয়র আফরোজা কালাম বলেন, স্মার্ট বাংলাদেশ গড়তে প্রধানমন্ত্রী যে পরিকল্পনা এহেণ করেছেন তা বাস্তবায়নে সবাইকে ঐক্যবন্ধ ভূমিকা রাখতে হবে। জনগণ এক থাকলে কোন অপশক্তি দেশের উন্নয়নের ধারাবাহিকতায় বিঘ্ন ঘটাতে পারবেন।

সভাপতির বক্তব্যে চসিকের ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা সচিব খালেদ মাহমুদ বলেন, বঙ্গবন্ধু যে সোনার বাংলা গড়ার পরিকল্পনা নিয়েছেন তা বাস্তবায়নে নিরলস পরিশ্রম করছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। উনার শ্রম ও সাহসের উপর ভর করে আজ বিশ্বের বুকে মাথা তুলে দাঁড়িয়েছে বাংলাদেশ।

সভায় উপস্থিত ছিলেন প্যানেল মেয়র গিয়াস উদ্দিন চৌধুরী, কাউপিলর হাসান মুরাদ বিপ্লব, আবুল হাসানাত বেলাল, আবদুল মান্নান, আবদুস সালাম মাসুম, মেয়রের একান্ত সচিব আবুল হাশেম, আইন কর্মকর্তা জসিম উদ্দিন, প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা হুমায়ুন কবির চৌধুরী, অতিরিক্ত প্রধান প্রকৌশলী মুনিরুল হুদা, ভারপ্রাপ্ত প্রধান স্বাস্থ্য কর্মকর্তা মো. ইমাম হোসেন রাণা, তত্ত্বাবধায়ক প্রকৌশলী ঝুলন কুমার দাশ, নির্বাহী প্রকৌশলী ফরহাদুল আলম, মো. রেজাউল বারী, তোহিদুল হাসান, উপ-সচিব আশেকে রাসুল তিপু, উপ-প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মোরশেদুল আলম।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮